

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৪.২০০৮-

তারিখঃ ----- খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ আবুল খায়ের মিয়া, ডাটা এন্ট্রি অপারেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া-এর বিরুদ্ধে ডিজারশন ও দুর্নীতির অভিযোগে অত্র দপ্তরের ২৭-৩-২০০২ খ্রিঃ তারিখের ৩৯২ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা চালু করা হয়। একই বিষয়ে গত ০৪-৮-২০০২ খ্রিঃ তারিখে তার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন কর্তৃক মামলা করা হয় এবং উক্ত মামলায় ২৭-০৭-২০১০ খ্রিঃ তারিখে চার্জসীট প্রদান করা হয়। সে প্রেক্ষিতে তিনি ২৭-০১-২০১১ হতে ০২-৪-২০১১ খ্রিঃ পর্যন্ত কারা অন্তরীণ থাকেন বিধায় অত্র দপ্তরের ১০-৭-২০১১ খ্রিঃ তারিখের ৫০০ সংখ্যক স্মারকে তাকে সাময়িক বরখাস্ত করা হয়, যা ২৭-০১-২০১১ তারিখ হতে কার্যকর হয়:

যেহেতু, বিভাগীয় মামলায় যাবতীয় কার্যক্রম সম্পাদনপূর্বক অত্র দপ্তরের ১৭-০২-২০১৬ খ্রিঃ তারিখের ৫৩ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) ধারার বিধান মতে তার ০২(দুই)টি বার্ষিক বর্ধিত বেতন বৃদ্ধি ০২(দুই) বছরের জন্য স্থগিতকরণ দপ্তরোপপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হয়:

যেহেতু, তিনি ০৩-৪-২০১১ খ্রিঃ তারিখে জামিনে কারাগর হতে মুক্তি লাভ করেন এবং বর্তমানে দুর্নীতি দমন কমিশনের মামলায় জামিনে রয়েছেন; সেহেতু এতদ্বারা তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

একই সাথে তার কারা অন্তরীণকাল অর্থাৎ ২৭-০১-২০১১ হতে ০২-৪-২০১১ খ্রিঃ পর্যন্ত বিনা বেতনে ছুটি মঞ্জুর করা হলো এবং ০৩-০৪-২০১১ খ্রিঃ হতে তার সাময়িক বরখাস্তকালীন অবশিষ্ট সময়কে কর্মকাল হিসাবে গণ্য করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন : ৯৫৫৯৩৮৯

তারিখঃ ০২/৭/১৬ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৪.২০০৮- ৮৪

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক(দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। এ আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া/জামালপুর।
- ০৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বগুড়া।
- ০৫। উপ-সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, টাঙ্গাইল।
- ০৬। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে আদেশের কপি সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৭। জনাব মোঃ আবুল খায়ের মিয়া, ডাটা এন্ট্রি অপারেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া।
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৯। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃঙ্খলা)
ফোন : ৯৫৫১৮৫৯